**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 18-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## PM -Norway Visit :

বিদেশ সফরের চতুর্থ পর্যায়ে আজ নরওয়ে পৌঁছচ্ছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, যা বিগত ৪৩ বছরের মধ্যে কোনো ভারতীয় প্রধানমন্ত্রীর প্রথম নরওয়ে সফর এবং শ্রী মোদীর নিজেরও এই প্রথম নরওয়ে যাত্রা। এই ঐতিহাসিক সফরে তিনি রাজা পঞ্চম হ্যারাল্ড ও রানি সোনিয়ার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করার পাশাপাশি নরওয়ের প্রধানমন্ত্রী জোনাস গাহর স্টোরের সঙ্গে এক দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হবেন এবং যৌথভাবে 'ভারত-নরওয়ে বিজনেস অ্যান্ড রিসার্চ সামিট'-এ বক্তব্য রাখবেন। এই সফরের মূল লক্ষ্য হলো দুই দেশের বাণিজ্য ও বিনিয়োগ খতিয়ে দেখা, ভারত-ইএফটিএ (EFTA) বাণিজ্য ও অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তির সুবিধা নেওয়া এবং পরিবেশবান্ধব প্রযুক্তি ও নীল অর্থনীতির ক্ষেত্রে পারস্পরিক সম্পর্ককে আরও জোরদার করা। পাশাপাশি, আগামীকাল অনুষ্ঠিত হতে চলা ৩য় ভারত-নর্ডিক শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রী মোদী নরওয়ে, ডেনমার্ক, ফিনল্যান্ড, আইসল্যান্ড এবং সুইডেনের প্রধানমন্ত্রীদের সঙ্গে অংশগ্রহন করবেন।প্রযুক্তি, উদ্ভাবন, সবুজ রূপান্তর, পুনর্নবীকরণযোগ্য শক্তি, মহাকাশ, প্রতিরক্ষা এবং সুমেরু অঞ্চলের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলোতে ভারতের সঙ্গে নর্ডিক দেশগুলোর সম্পর্ককে আরও কৌশলগত ও সুদূরপ্রসারী মাত্রায় নিয়ে যাবে বলে আসা করা হচ্ছে।

***************

## President:

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সুপ্রিম কোর্টে বিচারপতির সংখ্যা ৩৩ থেকে বাড়িয়ে ৩৭ করার অনুমোদন দিয়েছেন। কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রক প্রকাশিত গেজেট বিজ্ঞপ্তি অনুযায়ী, 'সুপ্রিম কোর্টে বিচারকের সংখ্যা সংক্রান্ত আইন, ১৯৫৬'-তে সংশোধন এনে এই অধ্যাদেশ জারি করা হয়েছে।এই সংশোধনের ফলে ভারতের প্রধান বিচারপতিসহ সর্বোচ্চ আদালতের মোট বিচারপতির সংখ্যা বেড়ে ৩৮ হবে।

********************

**C.M -Allowance:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশের বিভিন্ন রাজ্যে নাগরিকদের যে হারে সামাজিক ভাতা দেওয়া হচ্ছে, সে ক্ষেত্রে ত্রিপুরা সরকার কোনও প্রতিযোগিতায় যেতে ইচ্ছুক নয়। আগরতলা সরকারী ডেন্টাল কলেজে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধনী অনুষ্ঠান শেষে গতকাল সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী জানান, ত্রিপুরা সরকারই প্রথম সামাজিক ভাতা ৭00 টাকা থেকে বাড়িয়ে ১000 টাকা ও পরে ২000 টাকা করে। ভবিষ্যতে সামাজিক ভাতা বাড়ানোর বিষয়ে তাঁর সরকার চিন্তা ভাবনা করবে বলে তিনি আশ্বাস দেন।

রাজ্যে বিভিন্ন অংশে রাস্তাঘাটের বেহাল অবস্থা নিয়ে তিনি বলেন, রাস্তা নির্মানের কাজ চলছে। তার জন্য নাগরিকদের কিছুটা দুর্ভোগ সহ্য করতে হচ্ছে। খোয়াই, কমলপুর, কৈলাসহর প্রভৃতি মহকুমায় জাতীয় সড়কের সংস্কারের বিষয়ে কেন্দ্রীয় সরকারকে অবহিত করা হয়েছে এবং সংশ্লিষ্ট কেন্দ্রীয় মন্ত্রক থেকে এবিষয়ে বিশেষজ্ঞ দলও রাজ্যে পাঠানো হয়েছে বলে তিনি উল্লেখ করেন|

******************

**PM Sweden**:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গোথেনবার্গে গতকাল সুইডেনের প্রধানমন্ত্রী উলফ ক্রিস্টারসনের সঙ্গে প্রতিনিধি পর্যায়ের আলোচনা করছেন। আশা করা হচ্ছে, উভয় পক্ষ বাণিজ্য, সবুজ রূপান্তর, কৃত্রিম বুদ্ধিমত্তা, উদীয়মান প্রযুক্তি, স্টার্টআপ, স্থিতিস্থাপক সরবরাহ শৃঙ্খল, প্রতিরক্ষা, মহাকাশ, জলবায়ু কার্যক্রম এবং জনগণের মধ্যে সম্পর্ক বিষয়ে সহযোগিতার নতুন ক্ষেত্র অন্বেষণ করবে। এদিকে, সুইডেন প্রধানমন্ত্রী মোদীকে 'রয়্যাল অর্ডার অফ পোলার স্টার কমান্ডার গ্র্যান্ড ক্রস' উপাধিতে ভূষিত করেছে। সুইডেনের 'রয়্যাল অর্ডার অফ পোলার স্টার, কমান্ডার গ্র্যান্ড ক্রস' হলো একজন সরকার প্রধানকে প্রদত্ত সর্বোচ্চ স্বীকৃতি ও সম্মান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্য ৩১তম আন্তর্জাতিক সম্মান।

*******************

**BJP-Khowai:**

জেপি খোয়াই মন্ডলের উদ্যোগে দুদিনের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ মহাভিযান পর্ব আজ শেষ হচ্ছে | গতকাল দলের জেলা কার্যালয়ে এর সূচনা হয়। বিজেপি খোয়াই মন্ডলের উদ্যোগে আয়োজিত এই প্রশিক্ষণ পর্বে খোয়াই মন্ডলের নেতৃত্বরা উপস্থিত ছিলেন।

******************

**Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my

gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

*********************

**NCB-Arrest:**

নারকোটিকস কন্ট্রোল ব্যুরো অর্থাৎ এনসিবি ভারত-মায়ানমারের মধ্যে প্রধান মাদক সিন্ডিকেট ভেঙে দিয়েছে। নারকোটিকস কন্ট্রোল ব্যুরো-আগরতলা কার্যালয়ের আধিকারিকদের একটি টিম সম্প্রতি নয়াদিল্লি থেকে এই সিন্ডিকেটের মায়ানমার-ভিত্তিক মূল পান্ডা থানচিনতুয়াং-কে গ্রেপ্তার করেছে। তাকে গতকাল আইজলে আদালতে সোপর্দ করা হয়েছে| ধৃত থানচিনতুয়াং আন্তঃসীমান্ত পাচার নেটওয়ার্ক সংগঠনে ব্যাপকভাবে জড়িত। মিজোরাম, মণিপুর, আসাম এবং ত্রিপুরার মধ্য দিয়ে মাদকের চালান ভারত ও বাংলাদেশের বিভিন্ন অংশে পাচার করত এই অভিযুক্ত।ব্যাপক নজরদারি, গোয়েন্দা তথ্য সংগ্রহ, সমন্বিত আন্তঃরাজ্য সহযোগিতা এবং ধারাবাহিক ফলো-আপ অভিযানের মাধ্যমে ভারত-মায়ানমার সীমান্ত বরাবর সক্রিয় আন্তর্জাতিক মাদক পাচারকারী নেটওয়ার্কগুলোর বিরুদ্ধে চলমান অভিযানে নারকোটিকস কন্ট্রোল ব্যুরো অর্থাৎ (এনসিবি) এক্ষেত্রে একটি বড় সাফল্য অর্জন করেছে।

******************

**Under 13 Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতা গতকাল থেকে শুরু হয়েছে। উদ্বোধনী দিনে মোট ৫টি

খেলা হয়। রানীরবাজার মাঠে সদর এ দল ৩৪ রানে সোনামুড়াকে, নেপকো মাঠে জিরানিয়া ৭ উইকেটে মোহনপুরকে, মেলাঘর মাঠে খোয়াই ১ রানে সদর বি দলকে, উদয়পুর মাঠে বিশালগড় ১0 উইকেটে আমবাসাকে এবং কৈলাসহরের মাঠে ধর্মনগর ৪৬ রানে কমলপুরকে পরাজিত করে। একটি ম্যাচ পরিত্যক্ত হয়।

*********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় আকাশ সাধারনত মেঘলা থাকবে৷ রাজ্যের সবকটি জেলায় ভারী বৃষ্টিপাত সহ ঘন্টায় ৪0 থেকে ৫0 কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস থেকে  ২৪ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে  থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২0.৬ ডিগ্রি সেলসিয়াস। পরিমাপযোগ্য বৃষ্টিপাত ছিল ২৭.১ মিলিমিটার৷

******************

*************